গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

নং ১৪.০০.০০০০.০০১.১১.০৩৯.১৬.৩৭৩

তারিখ : ২২ চৈত্র ১৪২৩ / ০৫ এপ্রিল ২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের মধ্যে ৫নং কলামে উল্লিখিত জেলার প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫
১।	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর গ্রেড : ১৩ (টা: ১১,০০০-২৬,৫৯০/-)	০৯(নয়)	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী ; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত ; (গ) কম্পিউটারে Word Processing সহ ইমেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; (ঘ) সাঁটলিপি লিখনে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজী-৭০ শব্দ, বাংলায় ৪৫ শব্দ হতে হবে ; (ঙ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতিমিনিট বাংলায় ২৫ শব্দ, ইংরেজিতে ৩০ শব্দ।	(ক) মানিকগঞ্জ জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (খ) সকল জেলার প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২।	কম্পিউটার অপারেটর গ্রেড : ১৩ (টা: ১১,০০০-২৬,৫৯০/-)	০৪(চার)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;	(ক) মানিকগঞ্জ জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (খ) সকল জেলার প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৩।	ক্যাশিয়ার গ্রেড : ১৪ (টা: ১০,২০০-২৪,৬৮০/-)	০১(এক)	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী।	(ক) মানিকগঞ্জ জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (খ) সকল জেলার প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৪।	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড : ১৬ (টা: ৯,৩০০-২২,৪৯০/-)	১১(এগারো)	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত ; (গ) কম্পিউটারে Word Processing সহ ইমেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; (ঘ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতিমিনিট বাংলায় ২০ শব্দ, ইংরেজিতে ২০ শব্দ।	(ক) মানিকগঞ্জ জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (খ) সকল জেলার প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৫।	অফিস সহায়ক গ্রেড : ২০ (টা: ৮২৫০-২০,০১০/-)	২১(একুশ)	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	(ক) ময়মনসিংহ, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী, বরিশাল, বগুড়া, সিরাজগঞ্জ, নাটোর, নড়াইল, কুষ্টিয়া এবং সুনামগঞ্জ জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (খ) সকল জেলার প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

নিম্নবর্ণিত শর্তগুলো আবেদন ফরম পুরণের ক্ষেত্রে এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:

০১। ০১ জানুয়ারি ২০১৭ তারিখ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ;

০২। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদের সঠিকতা যাচাইয়ের জন্য নিম্নোক্ত তথ্য প্রদান করতে হবে ;

ক্র:নং	মুক্তিযোদ্ধার নাম	পিতার নাম	উপজেলা, জেলার নাম	জন্ম তারিখ	মুক্তিবার্তা নম্বর, গেজেট নম্বর ও তারিখ	সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	মন্তব্য

০৩। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

০৪। ১, ২ ও ৪ ক্রমিকের প্রার্থীদের ক্ষেত্রে বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় এবং প্রযোজ্য ক্ষেত্রে সাঁট-লিপি/ মুদ্রাক্ষর/ কম্পিউটার Standard Aptitude Test–এ উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন। ৩ ক্রমিকের প্রার্থীদের ক্ষেত্রে বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৫। ৫ নং ক্রমিকের প্রার্থীদের ক্ষেত্রে বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৬। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না ;

০৭। কম্পিউটার অপারেটর এর ০৩(তিন)টি, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর ০৪(চার) টি এবং অফিস সহায়ক এর ০৫(পাঁচ)টি পদ অস্থায়ীভাবে সংরক্ষিত ;

০৮। পরীক্ষার ফি এবং অনলাইন আবেদনের ফি বাবদ ১ হতে ৪ নং ক্রমিকের পদের জন্য (১০০+১২)= ১১২ টাকা এবং ৫ নং ক্রমিকের পদের জন্য (৫০+৬)=৫৬ টাকা http://ptd.teletalk.com.bd ওয়েবসাইটের গাইড লাইন অনুসরণে প্রদান করতে হবে। পরীক্ষার ফি প্রদানের পর দাখিলকৃত আবেদন আর সংশোধন/এডিট করা যাবে না;

০৯। পরীক্ষার তারিখ, সময় ও স্থান যথাসময়ে প্রার্থীকে SMS এর মাধ্যমে অবহিত করা হবে। SMS প্রাপ্তির পর প্রার্থীকে নিজ উদ্যোগে তার প্রবেশপত্র download করে নিতে হবে ;

১০। পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি পাওয়ার জন্য আবেদন পত্রে উল্লিখিত মোবাইল নম্বর সব সময় সক্রিয় রাখতে হবে। মোবাইল নম্বর সক্রিয় না থাকার কারণে কোন তথ্য বা SMS পেতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না ;

১১। এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে), পরীক্ষার সময়, স্থান ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েব সাইট www.ptd.gov.bd এ পাওয়া যাবে ;

১২। আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণ http://ptd.teletalk.com.bd ওয়েবসাইটে ২৫ এপ্রিল ২০১৭ হতে ১১ মে ২০১৭ বিকাল ০৫:০০ টা পর্যন্ত আবেদন ফরম পূরণ করতে পারবেন।

১৩। প্রার্থীর যোগ্যতা যাচাই :

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে এবং সনদসমূহের ফটোকপি জমা দিতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা সরাসরি বাতিল করা হবে।

(খ) জেলার স্থায়ী বাসিন্দা প্রমানের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

(গ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকার বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে অপসারণ/বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৪। বিবিধ:

(ক) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েব সাইট www.ptd.gov.bd -এ নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হালনাগাদ করা হবে।

(খ) নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(গ) এই নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে পরিবর্তন/পরিবর্ধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৫/০৪/১৭
(মুহাম্মদ আবদুল হান্নান)
উপসচিব
ও
সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ